


উপজেলা সমবায় কার্যালয়. শেরপুর বগুড়া এর ভবিষ্যত পরিকল্পনাঃ

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য নিবন্ধন বাতিল ও অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমূহকে পুনর্কার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি এ উপজেলা সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠী ও মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়নে ও ক্ষমতায়নের জন্য প্রকল্প/কর্মসূচি গ্রহণে সমবায় অধিদপ্তরে প্রকল্প/কর্মসূচির প্রস্তাব প্রেরণ করা হবে। আগামী ৫ বছরে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রানুযায়ী সমবায়ী তথা সেবা প্রদানকারীদের আর্থ-সামাজিক উন্নয়ন করার লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে থেকে শুরু করে উপজেলার সাথে বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি করা হয়েছে। এ চুক্তির লক্ষ্য অর্জনের প্রচেষ্টা অব্যাহত আছে। সরকার কর্তৃক ঘোষিত সকল কর্মকাণ্ডে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করা হবে। সমবায়ের মাধ্যমে বাল্য বিবাহ রোধ, মাদক নিয়ন্ত্রণ এবং দারিদ্র্যতা হ্রাসে সক্রিয়ভাবে কাজ করবো বলে আশা করছি।



মোঃ আব্দুল জলিল
উপজেলা সমবায় অফিসার
শেরপুর, বগুড়া
ফোন নং ০১৭৭৩-৮৬৫৫৭৬